কুলসারসংগ্রহ।

শ্রীরোহিণীকান্ত মুখোপাধ্যায়
কর্ত্তৃক প্রণীত।

কলিকাতা।
ভিক্টোরিয়া প্রিন্টিংওয়ার্কস্ প্রেশে
শ্রীপ্রেমচাঁদ সাহা দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।
৯ নং. সিমুলিয়া ষ্ট্রীট।

১২৯২

কুলসারসংগ্রহ।

শ্রীরোহিণীকান্ত মুখোপাধ্যায়
কর্ত্তৃক প্রণীত।

কলিকাতা।
ভিক্টোরিয়া প্রিন্‌টিংওয়ার্কস্ প্রেশে
শ্রীপ্রেমচাঁদ সাহা দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।
৯ নং সিমুলিয়া ষ্ট্রীট।

১২৯২

কলিকাতা সিমলা হরিতকীবাগান নিবাসী বল রামজ গোপাল চন্দ্র।

Cornwallis Litho Works

মুখবন্ধ।

বঙ্গবাসী রাঢ়ীয় ব্রাহ্মণ সম্প্রদায়ের আপন আপন বংশাবলী অবগত হওয়া উচিত। মহারাজা আদিশূর কান্যকুব্জ প্রদেশ হইতে কি জন্য পঞ্চগোত্রের পাঁচ জন ব্রাহ্মণ আনয়ন করেন, তাঁহাদের বংশে দোবে চোবে পাঁড়ে ইত্যাদি উপাধি না হইয়া মুখোপাধ্যায়, বন্দ্যোপাধ্যায়, চট্টোপাধ্যায়, বটব্যাল, মাষচটক, ইত্যাদি উপাধি হওয়ার কারণ কি, এবং এক এক জনেরবংশে এক এক প্রকার শ্রেণী না হইয়া কুলীন শ্রোত্রিয় বংশজ কেন হইয়াছে, ঘটক মহাত্মারাই বা কিজন্য কুলীন সম্প্রদায়ের বংশ কীর্ত্তন করেন, এই সকল বিষয় বর্ত্তমান সময়ের কয়েকজন কুলীন ও ঘটকমহোদয় ব্যতীত প্রায় অধিকাংশ ব্যক্তিই অবগত নহেন। আমি সর্ব্বসাধারণকে তদ্বিষয় জ্ঞাত করাইবার জন্য প্রায় ৫।৬ বৎসর কাল পর্য্যটন করিয়া বঙ্গাগত ভট্ট-নারায়ণাদি পঞ্চব্রাহ্মণের বংশাবলী সংগ্রহ করিয়াছি, অর্থাভাব প্রযুক্ত আমার অভিলাষ পুর্ণ হইতেছে না।

অধুনা আমার সগোষ্ঠী কলিকাতা সিমলা হরীতকী বাগান নিবাসী পরমপূজনীয় শ্রীযুক্ত গোপাল চন্দ্র মুখোপাধ্যায় দাদা মহাশয় এই কুলসারসংগ্রহ গ্রন্থান্তর্গত পঞ্চব্রাহ্মণের আমূল ইতিহাসের সহিত ভরদ্বাজগোত্রীয় শ্রীহর্ষ গোষ্ঠী সম্ভূত বলরাম ঠাকুরের বংশাবলী খণ্ড মুদ্রিত করিবার সম্পূর্ণ ব্যয় নির্ব্বাহ করায়, এই পুস্তক প্রকাশ করিতে সমর্থ হইলাম। অতএব তাঁহার সমীপে চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ থাকিলাম, এবং ভরসা করি এ গ্রন্থ দেখিয়া অন্যান্য মহাত্মাগণও অবশিষ্ট সমগ্র গ্রন্থ বা নিজ নিজ বংশাবলী প্রকাশের জন্য সাহায্য করিতে অগ্রসর হইবেন।

এ গ্রন্থ অন্য কোন গ্রন্থের অনুবাদ নহে। সুবিখ্যাত মৃত গৌরচন্দ্র বিদ্যাসাগর ঘটক মহাশয়ের মূল নামক গ্রন্থ, বলাগড় নিবাসী মদীয় জ্যেষ্ঠতাত ৺ গোপালদাস মুখোপাধ্যায় মহাশয়ের মূল, ৺ রমানাথ ঘটক মহাশয়ের কুলমঞ্জরী, ধ্রুবানন্দ মিশ্রের মিশ্র গ্রন্থ, এবং ৺ রামহরি ন্যায়ালঙ্কার মহাশয়ের মেলমালা অবলম্বন করিয়া কালীঘাট নিবাসী সুবিখ্যাত দুর্গাচরণ ন্যায়ভূষণ ঘটক মহাশয়ের উপদেশানুযায়ী নব্য বংশাবলী সংগ্রহ করিয়া কুলসারসংগ্রহ নাম দিয়া এই ক্ষুদ্র পুস্তক প্রণীত হইল। বলাগড় নিবাসী এম,এ, বি,এল, উপাধি প্রাপ্ত মান্যবর শ্রীযুক্ত বাবু রামলাল বন্দ্যোপাধ্যায় মহাশয় এই গ্রন্থ প্রণয়নে আমাকে অনেক উপদেশ দিয়াছেন, এবং কলিকাতা ইনস্টিটিউসন নামক বিদ্যালয়ের প্রধান পণ্ডিত শ্রীযুক্ত কালীচরণ অধিকারী মহাশয় বিশেষ পরিশ্রমের সহিত প্রুফ্ সংশোধন করিয়াছেন। উপরোক্ত মহাত্মাগণের নিকট আমি কৃতজ্ঞতা পাশে বদ্ধ থাকিলাম।

মাননীয় ঘটক ও কুলীন মহাত্মাদের সমীপে নিবেদন এই যে এই গ্রন্থের কোন স্থলে যদি কোনরূপ ভ্রমপ্রমাদ দৃষ্টি করেন অনুগ্রহ করিয়া বলাগড় ঠিকানায় আমার নিকট পত্র লিখিলে দ্বিতীয় সংস্করণে তাহা সংশোধন করিব। পণ্ডিত সম্প্রদায় এবং পাঠক মণ্ডলীর প্রতি অনুরোধ, কুলসারসংগ্রহের কোন স্থলে ভ্রম দর্শন করিলে পূর্ব্বোক্ত ঠিকানায় পত্র লিখিবেন তাহা হইলে যার পর নাই বাধিত হইব।

শ্রীরোহিণীকান্ত শর্ম্মা।

১২৯২ }
৩০এ আষাঢ় }

সাং বলাগড়
জেলা হুগলী।

কুলসারসংগ্রহ।

বঙ্গদেশে সদাচার সাগ্নিক বেদপারগ ব্রাহ্মণ না থাকায়, বঙ্গাধিপতি আদিশূর পুত্রেষ্টি-যাগ নিমিত্ত কান্যকুব্জাধিপতি মহারাজ বীরসিংহের সমীপে দূত প্রেরণ পূর্ব্বক ৯৫৪ শাকে সদার সভৃত্য পঞ্চগোত্রের পাঁচ জন ব্রাহ্মণ আনয়ন করেন।

আদিশূরের পত্র।

নৃপতি সুকৃতিসারঃ স্বীয় বংশাবতারঃ
প্রবলবলবিচারো বীরসিংহোঽতিধীরঃ।
ময়ি বরসহিতাস্তে ভূমিদেবান্ সভৃত্যান্
পুনরপি(১) মম গৌড়ে প্রাপয়ত্বং নিতান্তম্॥

---

(১) প্রবাদ আছে মহারাজ আদিশূর রাজসূয় যজ্ঞ করণ নিমিত্ত পূর্ব্বে কান্যকুব্জ হইতে ব্রাহ্মণ আনয়ন করেন এ জন্য আদিশূরের পত্রে পুনরপি শব্দ লিখিত আছে।

শ্লোক।

কান্যকুব্জপতির্ধীরঃ পত্রার্থে বিবৃতঃ সুধীঃ।
বিজ্ঞায় পণ্ডিতা সর্ব্বে আদিতা শ্চাভিমন্ত্রিতঃ॥
গৌড়েশ্বর মহারাজ রাজসূয় মনুষ্ঠিতং।
তদর্থে প্রেরিতা যজ্ঞে উপযুক্ত দ্বিজাতয়ঃ॥

বীরসিংহের প্রত্যুত্তর।

মহারাজ রাজা আদিশূরো মহাত্মা ত্বয়া বীরসিংহস্য মে হস্তাদি সখ্যম্।
তবাজ্ঞানুসারাদ্ধি প্রস্থাপয়ামি দ্বিজান্ পঞ্চগোত্রান্ সদারাদি ভৃত্যান্॥

পঞ্চ ব্রাহ্মণের গোত্র ও নাম নির্ণয়।

শাণ্ডিল্যঃ কাশ্যপোবাৎস্যো ভরদ্বাজস্তথাপরঃ।
সাবর্ণিঃ কথিতাঃ পূর্ব্বং পঞ্চগোত্রাঃ প্রকীর্ত্তিতাঃ।
তত্রাদৌ সর্ব্বতো মান্যঃ শাণ্ডিল্যো মুনিসত্তমঃ॥
শাণ্ডিল্য গোত্রজ শ্রেষ্ঠো ভট্টনারায়ণঃ(১) কবিঃ।
দক্ষোঽথ কাশ্যপশ্রেষ্ঠো বাৎস্য শ্রেষ্ঠোঽথ ছান্দড়ঃ॥
ভরদ্বাজকুলশ্রেষ্ঠঃ শ্রীহর্ষোহর্ষবর্দ্ধনঃ।
বেদগর্ভোঽথ সাবর্ণো যথা বেদ ইতি স্মৃতঃ॥

পঞ্চ ব্রাহ্মণের বঙ্গদেশে আগমনের শাকনির্ণয়।

বেদবাণাঙ্ক-শাকেতু গৌড়ে বিপ্রাঃ সমাগতাঃ।
ভট্টনারায়ণো দক্ষ শ্ছান্দড়ো বেদগর্ভকঃ।
অথ শ্রীহর্ষনামাচ সাগ্নিকবংশসম্ভবাঃ।
আয়াতাঃ পঞ্চবিপ্রাশ্চ কান্যকুব্জপ্রদেশতঃ।
সস্ত্রীকাঃ সহপুত্রৈশ্চ সহভৃত্যৈশ্চ তে তথা॥

পঞ্চ ব্রাহ্মণ কান্যকুব্জ নগরের কোন্ কোন্ প্রদেশ হইতে আগমন করেন, তদ্বিবরণ ও ভৃত্যাদির নাম ও গোত্র নির্ণয়।

পঞ্চকোটিঃ কামকোটি র্হরিকোটি স্তথৈবচ।
কঙ্কগ্রামো বটগ্রাম স্তেষাং স্থানানি পঞ্চচ॥

---

(১) ভট্টনারায়ণ বেণীসংহার-নাটক-প্রণেতা। শ্রীহর্ষ নৈষধ-গ্রন্থ রচনা করেন।

ভট্টনারায়ণ কান্যকুব্জ-প্রদেশস্থ পঞ্চকোটি গ্রাম হইতে বঙ্গদেশ আগমন করেন;—তদ্ভৃত্য সৌকালীন-গোত্রসম্ভূত মকরন্দ ঘোষ। দক্ষ কামকোটি গ্রাম হইতে আইসেন,—ভৃত্য গৌতমগোত্রের দশরথ বসু। ছান্দড় হরিকোটি গ্রাম হইতে আগমন করেন,—ভৃত্য মৌদ্‌গল্য-গোত্রের পুরুষোত্তম দত্ত। শ্রীহর্ষ কঙ্ক গ্রাম হইতে আগমন করেন,—ভৃত্য কাশ্যপগোত্রের বিরাট গুহ। বেদগর্ভ বটগ্রাম হইতে আইসেন,—ভৃত্য বিশ্বামিত্রগোত্রের কালিদাস মিত্র।

পঞ্চ ব্রাহ্মণের বঙ্গ দেশে আগমন।

গোযানেনাগতা বিপ্রা অশ্বে ঘোষাদিকত্রয়াঃ।
গজে দত্তকুলশ্রেষ্ঠো নরযানে গুহঃ সুধীঃ॥

মহারাজ আদিশূরের প্রার্থনামতে কান্যকুব্জরাজ-প্রেরিত পঞ্চব্রাহ্মণ, সস্ত্রীক, সভৃত্য, যজ্ঞোপকরণ সহিত বিক্রমপুরের রাজদ্বারে উপনীত হইলে দ্বারবান্ রাজসমীপে সংবাদ দেয়। রাজা জিজ্ঞাসা করিলেন, ব্রাহ্মণ পঞ্চ কোন্ কোন্ বেশে আগমন করিয়াছেন। দ্বারবান্ পুটাঞ্জলি হইয়া নিবেদন করিল, ব্রাহ্মণেরা স্ত্রী এবং ভৃত্যসহ গোযানে আরোহণ করিয়া চরণে চর্ম্মপাদুকা ধারণ করত তাম্বূল চর্ব্বণ করিতে করিতে দ্বারদেশে উপস্থিত হইয়াছেন। তিনি দ্বারবানের মুখে ব্রাহ্মণগণের বিষয় অবগত হইয়া অশ্রদ্ধাপ্রযুক্ত সাক্ষাৎ করিতে পরাঙ্মুখ হইলেন। দ্বারবানকে

বলিলেন ব্রাহ্মণদিগকে যাইয়া বল আমি কার্য্যান্তরে আছি এক্ষণে সাক্ষাৎ করিতে পারিব না। দ্বারবান্ প্রত্যাগত হইয়া সংবাদ দিলে, পঞ্চ মুনিবর রাজার মনোগত ভাব যোগবলে জ্ঞাত হইয়া আশীর্ব্বাদীয় পুষ্পাদি রাজদ্বারস্থ শুষ্ক মল্ল-কাষ্ঠোপরি অর্পণ করিয়া তথা হইতে গমনোন্মুখ হইলেন। অলৌকিক-শক্তি-প্রভাবে তৎক্ষণাৎ মল্ল-কাষ্ঠ জীবিত দৃষ্টে দ্বারবান্ পুনরায় রাজসমীপে সংবাদ দিলে, রাজা আদিশূর ব্রাহ্মণপঞ্চের নিকট সমাগত হইয়া গললগ্নীকৃতবাসে স্তবস্তুতি করিয়া সম্মান-পুরঃসর ব্রাহ্মণদিগকে পুনঃ প্রত্যাগত করাইলেন। পরে বাসোপযুক্ত স্থান নির্দ্দেশ করিয়া দিয়া যজ্ঞানুষ্ঠানে ব্রতী হইলেন। ভট্টনারায়ণ হোতার কার্য্য করিয়াছিলেন এ জন্য মহারাজা শ্রীহর্ষাদি চারিজনকে উপবেশন করাইয়া মধ্যস্থলে ভট্টনারায়ণকে বসাইয়াছিলেন। যজ্ঞান্তে আদিশূর তাঁহাদিগকে দান গ্রহণ করিতে বলেন, তাহাতে সকলেই প্রথমত অসম্মত হন; পরে হোতাপ্রযুক্ত ভট্টনারায়ণ দানস্বরূপ অল্প মুল্যে অনেক গুলি গ্রাম ক্রয় করেন।

তথাহি।

ক্ষিতীশপুত্রস্য ভট্টস্য লোকাতীত কর্ম্ম ভৃশং দৃষ্ট্বা পরিতুষ্টোরাজাহ প্রভোময়া কিয়ন্তো গ্রামা দীয়ন্তে কৃপয়া তান্ গ্রহীতু মর্হসি। ভট্টঃ প্রাহ দুষ্প্রতি-গ্রহণ-হিরণ্য-তিল-লৌহাদিসহিতা গ্রামা ময়ানুগ্রহীতব্যাঃ। রাজাহ অনুগৃহীতেন কিঙ্করেণ ময়া তদা কিংকর্ত্তব্যং মম পারলৌকিকী

সদ্গাতিঃ কথং ভবিষ্যতি। ইতি শ্রুত্বা ভট্টঃ পুনরাহ মমধনানি বহূনি বিদ্যন্তে, তৈর্ময়া কতিচিৎ গ্রামাঃ ক্রীয়ন্তে ভবতা বিক্রীয়তাং ভবতো যদি মমোপকারে বাঞ্ছা স্যাৎ তদৈব সমুচিতপ্রকারঃ ক্রিয়তাং। বাঢ় মিত্যুক্ত্বা স্বল্পেন মূল্যেন বহবো গ্রামা বিক্রীতাঃ। তে প্রতিবর্ষস্য লব্ধব্যকরা গ্রামান্তরলব্ধব্য করে বর্দ্ধিতাঃ ভট্টেনচ ক্রীতা গ্রামাশ্চতুর্ব্বিংশতিবর্ষান্ নিষ্করত্বেন বুভুজে।

রাজসভায় পঞ্চ ভৃত্যের পরিচয়।

মহারাজা আদিশূর যজ্ঞান্তে পঞ্চব্রাহ্মণের ভৃত্যদিগকে সভায় আহ্বান করত পরিচয় জিজ্ঞাসা করায় পুরুষোত্তম দত্ত ব্যতীত অপর চারিজন ব্রাহ্মণের দাস বলিয়া স্বীকার করিয়াছিলেন। রাজা যথাযোগ্য সম্মানপুরঃসর তাহাদিগের বাসোপযুক্ত স্থান নির্দ্দেশ করিয়া দিলেন। পুরুষোত্তম দত্ত দাসভাব স্বীকার না করায় তাহার সম্মান করিলেন না, কেবল বাসের জন্য এক খানি গ্রাম প্রদান করিলেন।

দশরথ বসুর পরিচয়।

কাশ্যপৈচৈব গোত্রেচ দক্ষনামা মহামতিঃ।
তস্য দাসো গৌতমস্য গোত্রে দশরথো বসুঃ॥

মকরন্দ ঘোষের পরিচয়।

শাণ্ডিল্য-গোত্র-সম্ভূতো ভট্টনারায়ণঃ কৃতী।
সৌকালীনশ্চ দাসো হয়ং ঘোষঃ শ্রীমকরন্দকঃ॥

বিরাট গুহের পরিচয়।

ভরদ্বাজেষু বিখ্যাতঃ শ্রীহর্ষো মুনিসত্তমঃ।
দাসস্তস্য বিরাটাখ্যো গুহকঃ কাশ্যপঃ স্মৃতঃ ॥

কালিদাস মিত্রের পরিচয়।

সাবর্ণো গোত্র নির্দ্দিষ্টো বেদগর্ভমুনিস্ত্বয়ং।
তস্য দাসো মিত্রবংশো বিশ্বামিত্রশ্চ গোত্রকঃ।
কালিদাস ইতি খ্যাতঃ কায়স্থবংশসমুদ্ভবঃ ॥

পুরুষোত্তম দত্তের পরিচয়।

বাৎস্যগোত্রেচ সম্ভূত শ্ছান্দড় শ্চেতি সংজ্ঞিতঃ।
মৌদ্গল্যগোত্রজোদত্তঃ পুরুষোত্তমসংজ্ঞকঃ ॥

ভট্টনারায়ণাদি পঞ্চব্রাহ্মণের বঙ্গদেশে অবস্থিতি।

মহারাজা আদিশূরের নিকট হইতে ভট্টনারায়ণ অল্প মূল্যে অনেক গ্রাম ক্রয় করিয়া বঙ্গ দেশে শ্রীহর্ষাদির সহিত বাস করিতে লাগিলেন। কালসহকারে ভট্টনারায়ণের ষোল, দক্ষের ষোল, শ্রীহর্ষের চারি ছান্দড়ের এগার ও বেদগর্ভের বার সর্ব্ব শুদ্ধ পাঁচ জনের উনষষ্টি সন্তান জন্মে।

কুলশাস্ত্রোদ্ধৃতবচনং।

ভট্টতঃ ষোড়শোদ্ভূতা দক্ষতশ্চাপি ষোড়শঃ।
চত্বারঃশ্রীহর্ষজাতা দ্বাদশো বেদ গর্ভতঃ।
একাদশসমাখ্যাতো শ্ছান্দড়স্য তনুদ্ভবাঃ।

আদিশূর কর্ত্তৃক পঞ্চ ব্রাহ্মণের পুত্রদিগকে গাঁই-আখ্যা প্রদান।

কালক্রমে ভট্টনারায়ণাদি পঞ্চব্রাহ্মণ লোকান্তরিত হইলে বংশধরেরা রীতিমত শ্রাদ্ধাদি সমাপন করিয়া বঙ্গদেশে অবস্থিতি করিতে লাগিলেন। আদিশূর রাজা কান্যকুব্জাগত ব্রাহ্মণ-পঞ্চকের বংশ বিস্তার দেখিয়া বিবেচনা করিলেন কোন প্রকার প্রভেদ না করিলে এ দেশস্থ সপ্তশতী ব্রাহ্মণাদির সহিত মিশ্রিত হইয়া যাইবেক। অতএব পঞ্চ গোত্রের উনষাটি সন্তানকে ভিন্ন ভিন্ন গ্রামে বাস করাইয়া বসতি গ্রামের নামানুসারে প্রত্যেককে গাঁই-আখ্যা প্রদান করিলেন। ভট্টনারায়ণ হোতার কার্য্য করিয়াছিলেন বলিয়া অগ্রে তদ্বংশে গাঁই আখ্যা দেন। প্রবাদ আছে ভট্টনারায়ণের জ্যেষ্ঠ পুত্র বরাহকে সর্ব্বাগ্রে ঐ আখ্যা প্রদান করেন, এ জন্য তাঁহার নামের পূর্ব্বে আদি শব্দ সন্নিবিষ্ট আছে।

ভট্টনারায়ণের পুত্রাদির নাম এবং গাঁই নির্ণয়।

বন্দ্যঃ কুসুমো দীর্ঘাঙ্গী ঘোষলী বটব্যালকঃ।
পারিকুলা কুশারিশ্চ কুলভিঃ সেয়কোগড়ঃ।
আকাশঃ কেশরীমাষো বসুয়ারি করালকঃ।
ভট্টবংশোদ্ভবা এতে শাণ্ডিল্যে ষোড়শঃ স্মৃতাঃ।

আদৌ বন্দ্যবরাহঃ স্যাৎ রামো গড়গড়ীকোমতঃ।
নীপঃ স্যাৎ কেশরশ্চৈব লালঃ কুসুমকুলিকঃ॥
বাটুঃস্যাৎ পারিহালোহংসৌ কুলভি গুঞ্জিনামকঃ।

গণো ঘোষালিতাং প্রাপ্তঃ সেয়ঃ শাণ্ডেশ্বর স্তথা।
বুড়ো মাষচটক শ্চৈব বটব্যালো বিকর্ত্তণঃ।
বস্থয়ারি স্তথা নীলঃ করালো মধুসূদনঃ।
কুশীচ কোয়নামা চ কুলীসশ্চৈব বাস্থকঃ।
আকাশো মাধবো দীর্ঘগ্রামীচৈব মহামতিঃ॥
এতে ষোড়শ শাণ্ডিল্যাঃ কথিতা রাজ পুজিতাঃ।

ভাষা।

নাম।	গাঁই।	গোত্র।
আদিবরাহ	বন্দ্যঘটী (বাঁড়ুরি)	শাণ্ডিল্য
রাম	গড়গড়ী	ঐ
নীপ	কেশরকুলা (কেশরী)	ঐ
লাল	কুসুমকুলি (কুসুম)	ঐ
বাটু (বটুক)	পারিহাল	ঐ
গুঞ্জি (গুঁই)	কুলভি	ঐ
গুণ (গুণমণি)	ঘোষলী	ঐ
শাণ্ড (সাহ)	সেয়ক (সেয়)	ঐ
বুড় (গণপতি)	মাষচটক	ঐ
বিকর্ত্তন (মহামতি)	বটব্যাল	ঐ
নীল (বিক)	বস্থয়ারি	ঐ
মধুসূদন	করাল	ঐ
কোয় (নিহ্নো)	কুশারি	ঐ
বাস্থ (শুভ)	কুলকুলী	ঐ
মাধব (বিভু)	আকাশ	ঐ
মহামতি (গুণ)	দীর্ঘাঙ্গী	ঐ

দক্ষের পুত্রাদির নাম এবং গাঁই নির্ণয়।

চট্টোহম্বলী তৈলবাটী পোড়ারি র্হড়গুড়কৌ।
ভূরিশ্চ পালধিশ্চৈব পর্কটিঃ পুষলী তথা॥
মূলগ্রামী কোয়ারিশ্চ পলশায়ীচ পীতকঃ।
সিমলায়ী তথা ভট্ট ইমে কাশ্যপসংজ্ঞকাঃ॥

ধীরোহভবৎ গুড়গ্রামী নীরঃ স্যাদম্বুলীয়কঃ।
ভূরিগ্রামী শুভশ্চৈব শম্ভুঃস্যা তৈলবাটীকঃ॥
কৌতুকঃ পীতমুণ্ডিঃ স্যাৎ চট্টগ্রামী সুলোচনঃ।
পলশায়ী পাল নামা হড়ঃ কাকোমতস্তথা॥
পোড়ারিঃ কৃষ্ণসংজ্ঞোহসৌ পালধিঃ রামনামকঃ।
কোয়ারিঃ স্যাজ্জননামা পর্কটিঃ বনমালিকঃ॥
সিমলায়ী শ্রীহরিঃ স্যাজ্জটঃ পুষলীক স্তথা।
ভট্টগ্রামী শশিধরো মূলগ্রামীচ কেশবঃ॥
এতে যোড়শ সম্ভূতাঃ কাশ্যপাশ্চেতি সংজ্ঞকাঃ।

ভাষা।

নাম।	গাঁই।	গোত্র।
ধীর	গুড়	কাশ্যপ
নীর	অম্বুলী	ঐ
শুভ	ভূরিশ	ঐ
শম্ভু	তৈলবাটী	ঐ
কৌতুক	পীতমুণ্ডি	ঐ
সুলোচন	চাটুতি	ঐ

নাম	গাঁই।	গোত্র।
পাল্	পলশায়ী	কাশ্যপ
কাক	হড়	ঐ
কৃষ্ণ	পোড়ারি	ঐ
রাম	পালধি	ঐ
জন	কোয়ারি	ঐ
বনমালি	পাকড়াশী (পর্কটি)	ঐ
শ্রীহরি	সিমলায়ী	ঐ
জট	পূষলী	ঐ
শশিধর	ভট্ট	ঐ
কেশব	মূলগ্রামী	ঐ

শ্রীহর্ষের পুত্রাদির নাম এবং গাঁই নির্ণয়।

আদৌ মুখটী ডিণ্ডিচ সাহরী রায়ীক (রাইক) স্তথা।
ভরদ্বাজা ইমে জাতাঃ শ্রীহর্ষস্য তনূদ্ভবাঃ ॥

ধান্দু নামা মুখটীস্যাৎ জনঃস্যাৎ দীনশায়ীকঃ (ডিণ্ডিশায়ীকঃ)।
লালঃ সাহরীকো জ্ঞেয়ো রায়চ (রাইকো) রামনামকঃ ॥
শ্রীহর্ষস্য সুতা এতে ভরদ্বাজ কুলোদ্ভবাঃ।

ভাষা।

নাম।	গাঁই।	গোত্র।
ধান্দু	মুখটী	ভরদ্বাজ
জন	ডিণ্ডশায়ী	ঐ
লাল	সাহরা	ঐ
রাম	রায়া	ঐ

ছান্দড়ের পুত্ত্রাদির নাম এবং গাঁই নির্ণয়।

কাঞ্জিবিল্লী মহিন্তাচ পূতিতুণ্ডশ্চ পিপ্‌পলী।
ঘোষালো বাপুলীশ্চৈব কাঞ্জারীচ তথৈবচ॥
পূর্ব্বগ্রামী দীঘাড়িশ্চ চোটখণ্ডী শিম্বলালকঃ।
বাৎস্যগোত্রে ইমে জাতা বিখ্যাতাঃ পৃথিবীতলে॥

রবির্মহিন্তা স্নুরভিশ্চ ঘোষঃ কবিঃ পৃথিব্যাং খলু শিম্বলালঃ।
মহাযশা বাপুলা পিপ্‌পলাচ ধীরশ্চ পূতি র্নমু শঙ্করাখ্যঃ॥
বিশ্বম্ভরোঽভূৎ খলু পূর্ব্বগ্রামী, শ্রীশ্রীধরোঽ ভূৎ খলু কাঞ্জিবিল্লী।
নারায়ণো নামচ কাঞ্জারীচ, চোট্‌খণ্ডীক নামাগুণাকরঃ স্যাৎ,
মনো দীঘালো ভুবি চন্দ্র তুল্যা। বাৎসায়ণাস্তে কথিতাশ্চ পুত্ত্রাঃ॥

ভাষা।

নাম।	গাঁই।	গোত্র।
রবি	মহিন্তা	বাৎস্য
স্নুরভি	ঘোষাল	ঐ
কবি	শিম্বলাল	ঐ
মহাযশাঃ	বাপুলী	ঐ
শঙ্কর (নীর)	পিপ্‌লাই	ঐ
ধীর	পূতিতুণ্ড	ঐ
বিশ্বম্ভর	পূর্ব্বগ্রামী	ঐ
শ্রীধর	কাঞ্জিলাল	ঐ
নারায়ণ (হরি)	কাঞ্জারী	ঐ
গুণাকর (নীলাম্বর)	চোটখণ্ডী	ঐ
মনো	দীঘাল (দীঘাড়ি)	ঐ

বেদগর্ভের পুত্রাদির নাম এবং গাঁই নির্ণয়।

গাঙ্গুলিঃ পুংসিকোনন্দী ঘণ্টাকুন্দ সিয়ারিকাঃ।
ঘাটোনায়ী তথা দায়ী পারী বালি চ সিদ্ধলঃ।
বেদগর্ভোদ্ভবা এতে সাবর্ণে দ্বাদশ স্মৃতাঃ॥
হলনামাচ গাঙ্গুলিঃ কুন্দো রাজ্যধরস্তথা।
বশিষ্ঠঃ সিদ্ধলো জ্ঞেয়ো দায়ীচ মদনোঽভবৎ॥
বিশ্বরূপ স্তথা নন্দী কুমারো বালীগ্রামকঃ।
যোগীসিয়ারিকো জ্ঞেয়ঃ পুংসিকো রামনামকঃ॥
দক্ষঃঘাটকসংজ্ঞোঽসৌ পারীচ মধুসূদনঃ।
ঘণ্টেশ্বরী মুরারিশ্চ নায়ারীচ গুণাকরঃ।
এতে পুত্রা মহাপ্রজ্ঞা সাবর্ণা দ্বাদশ স্মৃতাঃ॥

ভাষা।

নাম।	গাঁই।	গোত্র।
হল	গাঙ্গুলি	সাবর্ণ
রাজ্যধর	কুন্দ	ঐ
বশিষ্ঠ	সিদ্ধল	ঐ
মদন	দায়ী	ঐ
বিশ্বরূপ	নন্দী	ঐ
কুমার	বালী	ঐ
যোগী	সিয়ারি	ঐ
রাম	পুংসিক	ঐ

নাম	গাঁই	গোত্র
দক্ষ	ঘাটক (ঘাট)	ঐ
মধুসূদন	পারী	ঐ
মুরারি	ঘণ্টেশ্বরী	ঐ
গুণাকর	নায়ারী	ঐ

আদিশূরের বংশ।

বঙ্গাগত শ্রীহর্ষাদি পঞ্চ মহাজন। পুত্র সংখ্যা সবাকার উনষাটি গণন॥ গাঁই দিয়া মহারাজ করিলা স্থাপন। সপ্তশতী সাগ্নিকাদি করি নিরূপণ॥ পরে রাজা আদিশূর বার্দ্ধক্য দশায়। পুত্রে রাজ্য দিবে মনে করে অভিপ্রায়॥ ভূশূর নামেতে পুত্র আদি নৃপতির। মুনি পঞ্চকের যজ্ঞে জন্ম যার স্থির। দৈবাধীন ভূশূরের হইল মরণ। দুঃখ চিত্তে করে রাজা কালের হরণ॥ ভূশূর লোকান্ত পরে আদি নৃপমনি। নিজ সুতা লক্ষ্মীকে পুত্রিকা ধর্ম্মে আনি(১)॥ তাহার তনয় দেখি যান স্বর্গপুর। পুত্র বা কন্যার পুত্রে নাহি কিছু দূর॥ অশোক দৌহিত্র জান আদিনৃপতির। তাহার তনয় জন্মে শূরসেন ধীর॥ যাহার ঔরসে জন্মে বীরসেন রায়। সামন্ত নামেতে তার হইল তনয়॥

---

(১) অভ্রাতৃকাং প্রদাস্যামি তুভ্যং কন্যা মলঙ্কৃতাং। অস্যাং যোজ্ঞায়তে পুত্রঃ স মে পুত্রো ভবিষ্যতি॥ শ্রীমদ্ভাগবতের চতুর্থ স্কন্দের দ্বিতীয় শ্লোক।

ভাষ।

এই ভাষা বাক্যি যদি কন্যা করে দান।
জামাতার পুত্র তার পুত্রের সমান॥

তাঁহার হেমন্ত নামে জন্মিল নন্দন। বিশ্বকতাত বলি যার জগতে ঘোষণ॥ কলিতে ক্ষেত্রজ পুত্র নাহি ব্যবহার। কিন্তু সেনবংশে এক পাই সমাচার। আদিশূরের বংশাংশ সেনবংশ তাজা। বিশ্বকসেনক্ষেত্রজ পুত্র বল্লাল সেন রাজা॥ বল্লালনৃপের পুত্র নামেতে লক্ষ্মণ। মাধব তাহার পুত্র বুদ্ধি বিচক্ষণ॥ কেশব ভূপতি হয় মাধব তনয়। তার সুত গুণযুত সুষেণ(১) নাম হয়॥ যারকালে হিন্দুরাজ্য হইলেক ক্ষয়। বড় ধর্ম্মশীল রাজা কলিতে উদয়॥ বিনা যুদ্ধে যবনেরে রাজ্য সমর্পিয়া। নীলাচলে গেলা রাজা স্বগণ লইয়া॥

বল্লালসেনের রাজসিংহাসনারোহণ এবং কান্যকুব্জাগত ব্রাহ্মণ পঞ্চকের বংশোদ্ভবদিগকে মর্য্যাদাপ্রদান ও কুলীন, গৌণ এবং শ্রোত্রিয় নির্ণয়।

মহারাজ আদিশূর হইতে পুত্রিকাধর্ম্মানুসারে অধস্তন নবম পুরুষে, বল্লালসেন আবির্ভূত হন। তিনি রাজসিংহাসনারোহণ করার অব্যবহিত পরে দেখিলেন, কনোজাগত ব্রাহ্মণ-পঞ্চকের বহুতর সন্তান-সন্ততি হইয়া বিস্তীর্ণ বংশ হইয়াছে। বঙ্গদেশীয় আদি অনগ্নিক দ্বিজদল হইতে প্রভেদের কেবল গাঁই মাত্র পরিচায়ক আছে। অন্য কোন বিশেষ চিহ্ন না থাকিলে উভয় শ্রেণীতে মিশ্রিত হওনের সম্ভব বিবেচনায় পূর্ব্বোক্ত উনষাটি গাঁইসম্ভূত ব্রাহ্মণদিগকে আহ্বান করিয়া কোন নির্দ্দিষ্ট

(১) ইহার দ্বিতীয় নাম লক্ষ্মণসেন অথবা লাক্ষ্মণ্যসেন।

দিবসে রাজসভায় আগমন করিতে অনুমতি করিলেন। নিরূপিত দিবসে প্রাতঃকাল হইতে বেলা দ্বিপ্রহরের মধ্যে তাঁহারা সকলেই রাজভবনে সমবেত হইলেন। মহারাজ বল্লালসেন দেবার্চ্চনা ও সন্ধ্যাবন্দনাদি নিত্য-ক্রিয়ার তারতম্যানুসারে প্রাতরাগত ব্রহ্মণদিগকে আচারভ্রষ্ট বিবেচনা করিয়া গৌণ আখ্যা প্রদান করেন। বেলা এক প্রহরের সময় যাঁহারা আসিয়াছিলেন তাঁহারা শ্রোত্রিয়-সংজ্ঞায় অভিহিত হইলেন। এবং দ্বিপ্রহরের সময় যাঁহারা সভাসীন হইয়াছিলেন তাঁহারাই প্রকৃত সদাচারপূত বলিয়া প্রধান মর্য্যাদা প্রাপ্ত হইলেন। এইরূপে কৌলিন্যমর্য্যাদার ব্যবস্থাপন হয়; এবং পনর গাঁই গৌণ, ছত্রিশ গাঁই শ্রোত্রিয় ও অবশিষ্ট আট গাঁই কুলীন হইয়া উনষাটি গাঁই-সম্ভূত ব্রাহ্মণগণ তিন শ্রেণীতে বিভক্ত হইলেন।

গৌণের গাঁই এবং গোত্র নির্ণয়।

দীর্ঘাঙ্গী পারিঃ কুলভী পোড়ারী রাইকেশরী।
ঘণ্টা ডিণ্ডী পীতমুণ্ডী মহিন্তাগুড় পিপ্‌পলী।
হড় চোট্ গড়্‌গড়ী চৈব গৌণ কুলাঃ প্রকীর্ত্তিতাঃ॥

ভাষা।

গাঁই	গোত্র	গাঁই	গোত্র
দীর্ঘাঙ্গী	শাণ্ডিল্য	হড়	কাশ্যপ
পারিহাল	ঐ	রাই	ভরদ্বাজ
কুলভী	ঐ	ডিণ্ডশায়ী	ঐ

গাঁই	গোত্র	গাঁই	গোত্র
কেশরকুলী	শাণ্ডিল্য	ঘণ্টেশ্বরী	সাবর্ণ
গড়গড়ী	ঐ	মহিন্তা	বাৎস্য
পোড়ারী	কাশ্যপ	পিপ্‌লাই	ঐ
পীতমুণ্ডী	ঐ	চোট্‌খণ্ডী	ঐ
গুড়	ঐ	———	———

শ্রোত্রিয়ের গাঁই ও গোত্র নির্ণয়।

পালধিঃ পর্কটিশ্চৈব সিমলায়ীচ বাপুলী।
ভূরীকুলীবটব্যালঃ কুশারিঃ সেয়ক স্তথা॥
কুসুমো ঘোষলী মাষো বসুয়ারিঃ করালকঃ।
অম্বুলী তৈল বাটীচ মূলগ্রামীচ পূষলী॥
আকাশঃ পলশায়ীচ কোয়ারিঃ সাহরী তথা।
ভট্টঘাটশ্চ নায়েরী দায়ী পারী সিয়ারিকঃ॥
সিদ্ধলঃ পুংসিকোনন্দী কাঞ্জারী শিম্বলালকঃ।
বালী পূর্ব্বো দীঘাড়িশ্চ বল্লাল নৃপপূজিতাঃ॥

ভাষা।

গাঁই	গোত্র	গাঁই	গোত্র
কুসুমকুলি	শাণ্ডিল্য	তৈল বাটী	কাশ্যপ
ঘোষলী	শাণ্ডিল্য	পলশায়ী	ঐ
বটব্যাল	ঐ	সিমলায়ী	ঐ
কুলকুলী	ঐ	ভট্ট	কাশ্যপ
কুশারি	ঐ	পুংসিক	সাবর্ণ

গাঁই	গোত্র	গাঁই	গোত্র
গেরক	শাণ্ডিল্য	সিয়ারি	সাবর্ণ্য
আকাশ	ঐ	ষাট	ঐ
মাষচটক	ঐ	দায়ী	ঐ
বসুয়ারি	ঐ	নায়েরী	ঐ
করাল	ঐ	পারি	ঐ
অম্বলী	কাশ্যপ	বালী	ঐ
ভূরীশ	ঐ	সিদ্ধল	ঐ
পালধি	কাশ্যপ	বাপুলী	বাৎস্য
পাকড়াশী	ঐ	কাঞ্জারী	বাৎস্য
পূষলী	ঐ	পূর্ব্বগ্রামী	ঐ
মূলগ্রামী	ঐ	শিমলাল	ঐ
কোয়ারি	ঐ	দীঘাড়ি (দীঘাল)	ঐ
নন্দীগ্রামী	ঐ	সাহরী	ভরদ্বাজ

কুলীন—লক্ষণ।

দেবি কুলঞ্চ তৎ সেবী কুলীনঃ শাক্তর্দ্দারিতঃ।

এবং সার বা তন্ত্রে—

কুলাচারী কুলজ্ঞানী কুলতন্ত্রপ্রদায়কঃ।

কুলাগারে ক্রিয়াযুক্ত কুলীনোগুরুরীশ্বরি।

তথা যামলে—

উর্দ্ধর্ত্তুশ্চৈব সম্পূর্ণং সমর্থো ব্রাহ্মণোত্তমঃ।

তত্ত্বজ্ঞোমন্ত্রতন্ত্রাণাং কর্ম্মবেত্তা রহস্যবিদ্।

পুরশ্চরনকৃৎসিদ্ধো মন্ত্রসিদ্ধিপ্রয়োগকৃৎ।

দাতা দান্তঃ শান্তমনা নিতান্তশান্তমানসঃ।

অধ্যাত্মবিদ্ব্রহ্মচারী কুলীনো গুরুরুচ্যতে।

কুলচূড়ামণৌ—

কুলনাথং পরিত্যজ্য যে শাক্ত পরসেবিনঃ।
তেষাং দীক্ষাচ মন্ত্রঞ্চ অভিচারায় কল্পতে।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন কুলীনং গুরুমাশ্রয়েৎ।
কুলীনঃ সর্ব্ববিদ্যানা মধিকারীহি গীয়তে।
দীক্ষা প্রভু সত্র বাস্যাৎ সর্ব্বমন্ত্রস্য চাপরঃ।
ভগবতাশঙ্করাচার্য্যেণ তারারহস্য বৃত্তিকোদ্ধৃতং।
শ্রীভুবনেশ্বর তর্কবাগীশেন চ্ছান্দগ্যোপনিষৎ।

অপরঞ্চ।

আচারো বিনয়ো বিদ্যা প্রতিষ্ঠাতীর্থদর্শনং।
নিষ্ঠা বৃত্তি স্তপোদানং নবধা কুললক্ষণং॥

কুলীনের গাঁই এবং গোত্র নির্ণয়।

বন্দ্যশ্চট্টোঽথ মুখটী ঘোষালশ্চততঃ পরঃ।
পূতিতুণ্ডোঽথ গাঙ্গুলিঃ কাঞ্জিঃকুন্দেন চাষ্টমঃ।

ভাষা।

গাঁই	গোত্র	গাঁই	গোত্র
বন্দ্যঘটী	শাণ্ডিল্য	পূতিতুণ্ড	বাৎস্য
চাঠাতি (চট্ট)	কাশ্যপ	কাঞ্জিলাল	ঐ
মুখটী	ভরদ্বাজ	গাঙ্গুলি	সাবর্ণ
ঘোষাল	বাৎস্য	কুন্দ	ঐ

কুলীন, শ্রোত্রিয় ও গৌণ এই তিন শ্রেণীস্থ পঞ্চ বিংশতি ব্রাহ্মণের স্বর্ণধেনু দান-গ্রহণ।

মহারাজা বল্লালসেন কান্যকুব্জাগত পঞ্চ ব্রাহ্মণের সন্তান-দিগকে কুলীন,শ্রোত্রিয় এবং গৌণ এই তিন শাখায় বিভাগ করিয়া

অল্প দিবস পরেই তাহাদের নিষ্ঠা পরীক্ষার জন্য স্বর্ণ ধেনু নির্ম্মাণ করিয়া তন্মধ্যে অলক্তক বারি প্রবিষ্ট করাইয়া দান গ্রহণ করিতে বলেন। উক্ত তিন শ্রেণীর পঞ্চবিংশতি ব্রাহ্মণ লোভ-পরতন্ত্র হইয়া এই দান গ্রহণ করিলেন এবং অপকৃষ্ট প্রতিগ্রাহী বলিয়া তদবধি সকল কার্য্যে বর্জ্জিত হইলেন।

শ্লোক।

ধেনুং স্বর্ণময়ীং কৃত্বা দদৌ বিপ্রায় ধার্ম্মিকঃ।
সাচ স্বর্ণময়ী ধেনুঃ ছেদনেচ জগৌ মুহুঃ।
ছিন্না বহিষ্কৃতো রাজ্ঞা স্বর্ণাণাং বণিকোঽভবৎ।
বিপ্রাঃ প্রতিগ্রহাজ্জাতাঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতাঃ।

ভাষা।

বিনা সে কারণ, কার্য্যেরি ঘটন, কে কোথা দেখেছ বল। রাজা করে দান, করিয়া সন্ধান, জানিতে নিষ্ঠা বিরল॥ স্বর্ণময়ী ধেনু, অনুপমতনু, সুরভি সমান কায়া। কৌতুক করিয়া, উদর পুরিয়া, অলক্তক বারি দিয়া॥ রাজা বলে ওরে, ডাক বণিকেরে, কাঞ্চন ভাঙ্গিয়া দিতে। ছিন্ন করিবারে, কহে বারে বারে, ছেনিক হানিল তাতে॥ ভাঙ্গিতে লাগিল, মোড়ক সকল, বাহির হইল লাহা(১) পতিত হইল, প্রতিগ্রাহী দল, বর্ণিক পাইল ছায়া॥ ছিল ব্যপদেশ, তাহা অব শেষ, প্রকাশ হইয়া

(১) কৃত্রিম রক্ত অর্থাৎ আলতার জল।

পলো। নৃপতি হাসিয়া, কহে ডাক দিয়া, উভয়ে মলিন হইল॥ প্রতিগ্রাহী বলি, দ্বিজে হইল গালি, দায়াদ(১) রহিল ভাল। উনবিংশ জন, লইয়া তখন, গাইল দ্বিজেরি কুল॥ সম্বন্ধে ভোজনে, যাগযজ্ঞদানে, বর্জ্জিত হইল যারা। এ যে বড় পাপ, পাই অনুতাপ, এ কালে তাহারা কারা॥ দেবীর(২) সময়, কিম্বা পূর্ব্বতায়, নির্দ্দিষ্ট করিয়া ছাটে। গ্রাহক নিকৃষ্ট, সেই অপকৃষ্ট, ঘটক যে নামে চটে॥ যবে সর্ব্ব দ্বারি, পরিচয় তারি, এই পরিবর্ত্তি যারা। কন্যাজীবিকায়, স্বেচ্ছাচারে যায়, মেলি অপচিহ্নী তারা॥ কালেতে যে ফলে, শ্রীরোহিণী বলে, শুক্র বিক্রী চলে প্রায়। আকরেতে টানে, চুম্বকের পানে, দেখনা অয়স(৩) ধায়॥

প্রতিগ্রাহী নির্ণয়।

শঙ্করঃ পীতমুণ্ডীচ গড়ো হপিচ দিবাকরঃ গুড়ো ডাউকনামাচ দোকড়িশ্চৈব পিপ্‌পলী॥ বন্দ্যো মার্ত্তণ্ডনামাচ তপোনিষ্ঠো দৃঢ়ব্রতঃ। আনায়িশ্চ গণায়িশ্চ হাড়ো গোপীচ বন্দ্যজঃ॥ মাষো দোকড়ি নামাচ রায়ীচ মধুসূদনঃ। কুশিকো যবনামাচ হাড়ো নারায়ণোহপিচ॥ মহিন্তা দ্বিবিধনামা দায়ারি শ্চৈব কেশবঃ। চট্টঃ শকুনিনামাচ তৈলবাটী নয়ারিকঃ॥ কুন্দোবিশ্বেশ্বরো জ্ঞেয়ো বন্দ্যজো বিটসংজ্ঞকঃ। ঘোষজো ভ্রাতরাবেতৌ মদন বিশ্বরূপকৌ॥ গাঙ্গোদ্যারা হাস্য নামা পূতিঃ গৌতমসংজ্ঞকঃ। সিমলিঃ পরাশরঃ খ্যাতঃ শঙ্করো ডিণ্ডীসংজ্ঞকঃ॥ অমীকুলোদ্ভবাশ্চৈব

(১) উত্তরাধিকারি। (২) দেবীবর ঘটক। (৩) লৌহ।

গোদানং জগন্তুর্দ্বিজাঃ। তেষাং সম্বন্ধমাত্রেন পঙ্কে গৌরবঃ সীদতি॥ সম্বন্ধে ভোজনেচৈব দানে যজ্ঞে তথৈবচ। বিদ্বদ্ভিঃ শ্রাদ্ধকালেচ বর্জ্যা এতে পুনঃ পুনঃ॥

ভাষা।

নাম	গাঁই	গোত্র	শ্রেণী
শঙ্কর	পীতমুণ্ডী	কাশ্যপ	গৌন
দিবাকর	গড়গড়ী	শাণ্ডিল্য	ঐ
ডাউক	গূড়	কাশ্যপ	ঐ
দোকড়ী	পিপ্‌লাই	বাৎস্য	ঐ
মার্ত্তণ্ড	বন্দ্যঘটী	শাণ্ডিল্য	কুলীন
অনাই	ঐ	ঐ	ঐ
গনাই	ঐ	ঐ	ঐ
হাড়	ঐ	ঐ	ঐ
গোপী	ঐ	ঐ	ঐ
বিট	ঐ	ঐ	ঐ
দোকড়ী	মাষচটক	ঐ	শ্রোত্রিয়
মধুসূদন	রায়ী	ভরদ্বাজ	গৌণ
যব	কুশারি	শাণ্ডিল্য	শ্রোত্রিয়
নারায়ণ	হড়	কশ্যপ	গৌণ
দ্বিবিধ	মহিন্তা	বাৎস্য	ঐ
কেশব	দায়ী	সাবর্ণ	শ্রোত্রিয়
শকুনি	চটাতি	কাশ্যপ	কুলীন
নয়ারি	তৈলবাটী	ঐ	শ্রোত্রিয়
বিশ্বেশ্বর	কুন্দ	সাবর্ণ	কুলীন

নাম	গাঁই	গোত্র	শ্রেণী
মদন	ঘোষাল	বাৎস্য	কুলীন
বিশ্বরূপ	ঐ	ঐ	ঐ
হাস্য	গাঙ্গুলি	সাবর্ণ	ঐ
গৌতম	পূতিতুণ্ড	বাৎস্য	ঐ
পরাশর	সিমলায়ী	কশ্যপ	শ্রোত্রিয়
শঙ্কর	ডিণ্ডশায়ী	ভরদ্বাজ	গৌণ

প্রতিগ্রহ-পরাঙ্মুখ নবগুণ-বিশিষ্ট কুলীন নির্ণয়।

বহুরূপঃ শুচোনাম্না অরবিন্দো হলায়ুধঃ। বাঙ্গালশ্চ সমাখ্যাতাঃ পঞ্চৈতে চট্টসম্ভবাঃ॥ পূতিগোবর্দ্ধনাচার্যঃ শিরো ঘোষালসম্ভবঃ। গাঙ্গুলীয়ঃ শিশুর্নাম্না কুন্দোরোষা করোহপিচ॥ জাহলানাখ্য স্তথা বন্দ্যো মহেশ্বরো উদারধীঃ। দেবলো বামনশ্চৈব ঈশানো মকরন্দক॥ উৎসাহ-গরুড়াখ্যাতে মুখবংশসমুদ্ভবৌ। কাম্নকুতুহলাবেতৌ কাঞ্জিকুলপ্রষ্ঠিতৌ। ঊনবিংশতি সঙ্খ্যাতা মহারাজেন পূজিতাঃ॥

ভাষা।

কৌলীন্যমর্য্যাদাপ্রাপ্ত ব্যক্তিদিগের নাম	গাঁই	গোত্র	বংশ	ভট্টনারায়ণাদি হইতে কত পুরুষ
বহুরূপ	চাঠাতি	কাশ্যপ	দক্ষ	৭
শুচ	ঐ	ঐ	ঐ	৮
অরবিন্দ	ঐ	ঐ	ঐ	ঐ
হলায়ুধ	ঐ	ঐ	ঐ	৭
বাঙ্গাল	ঐ	ঐ	ঐ	৯
গোবর্দ্ধনাচার্য্য	পুতিতুণ্ড	বাৎস্য	ছান্দড়	৯
শির	ঘোষাল	ঐ	ঐ	ঐ

কৌলীন্যমর্য্যাদা প্রাপ্ত ব্যক্তিদিগের নাম	গাঁই	গোত্র	বংশ	ভট্টনারায়ণাদি হইতে কত পুরুষ
কানু	কাঞ্জিলাল	বাৎস্য	ছান্দাড়	৮
কুতুহল	ঐ	ঐ	ঐ	ঐ
শিশু	গাঙ্গুলি	সাবর্ণ	বেদগর্ভ	৮
রোষাকর	কুন্দ	ঐ	ঐ	৯
জাহলান	বন্দ্যঘটী	শাণ্ডিল্য	ভট্টনারায়ণ	১০
মহেশ্বর	ঐ	ঐ	ঐ	ঐ
দেবল	ঐ	ঐ	ঐ	ঐ
বামন	ঐ	ঐ	ঐ	ঐ
ঈশান	ঐ	ঐ	ঐ	ঐ
মকরন্দ	ঐ	ঐ	ঐ	ঐ
উৎসাহ	মুখটী	ভরদ্বাজ	শ্রীহর্ষ	১০
গরুড়	ঐ	ঐ		ঐ

লক্ষ্মণসেন কর্ত্তৃক কুলীনের পর্য্যায় সংস্থাপন।

মহারাজ বল্লাল সেন কৌলীন্য-মর্য্যাদা সংস্থাপনের অব্যবহিত পরেই লোকান্তর প্রাপ্ত হন। তাঁহার সময়ে প্রতিগ্রহ-পরাঙ্মুখ ঊনবিংশতি নবগুণবিশিষ্ট কুলীনগণ সমানরূপে পরিগণিত হইয়াছিলেন। পিতার লোকান্তর হইলে মহারাজ লক্ষ্মণসেন সিংহাসনারোহণ করিয়া কুলীনদিগের পর্য্যায় সমীকরণ করিয়া আর্ত্তি ক্ষেম্যাদি কতকগুলি কুলের উপাধি সৃজন করেন।

জগত বিশ্রাম নাম, যেই সে আনন্দধাম,
তাহে যবে রাজা চলি যায়।
লক্ষ্মণ তাঁহার সুত, নানা গুণে বিভূষিত,
কুলে ডাকে আপন সভায়॥

ঊনবিংশতির্মহাত্মানঃ সভায়াং লক্ষ্মণস্যচ। রাজ্ঞাপ্রতিষ্ঠিতাঃ পূর্ব্বং প্রতিগ্রহ-পরাঙ্মুখাঃ॥ অমীষাং পুত্রবর্গানাং সমতাং লোকসম্মতাং। পরিবর্ত্তং সমালোক্য বিস্তরেণ প্রচক্ষতে॥

কুলৌঘজন্মষাংকুলং তনয়াভাব পর্য্যাপরং। পরামর্শতয়া পরস্পর রমানাথেনবৈ রাজাভিষেক কালীন উৎসাহগরুড়য়োরবিদ্যমানে সপর্য্যায় সিদ্ধতয়ারাজ্ঞানুমত্যা আত্মতুল্য পুত্রত্বাৎ আত্মন উৎসাহস্য পর্য্যায় আয়িত-মুখস্য সমীকরণতা সিদ্ধা। আয়িতোবহুরূপাখ্যঃ শুচোগোব ৷ নো সুধীঃ। গাংশিশুর্মকরন্দশ্চ জাহলানাখ্য সমাইনে। পিতৃপর্য্যায় চট্টবহুরূপ প্রভৃতি নামাগ্রে আয়িতো বসতি সিধ্যতীতিচ॥

যে ঊনবিংশতি ব্যক্তি বল্লাল সভায় কৌলীন্য-মর্য্যাদা প্রাপ্ত হইয়াছিলেন তাঁহারা পরস্পর সকলেই সমান। মহারাজ লক্ষ্মণ সেন কন্যাদান সম্বন্ধে তুল্যাতুল্য অবধারণ করেন। অর্থাৎ বহুরূপ চট্টোপাধ্যায় বন্দ্য জাহ্লানের কন্যা গ্রহণ করিবেন এবং জাহ্লান বন্দ্যকে কন্যা প্রদান করিবেন ইহারি নাম পর্য্যায়। ঊর্দ্ধে অথবা নিম্নে কন্যা দান করিলে পর্য্যায় ভঙ্গ হইবেক। ঊর্দ্ধ পিতৃ পর্য্যায়, নিম্ন পুত্র অথবা পৌত্র পর্য্যায়। মুখবংশসম্ভূত উৎসাহ ও গরুড় লোকান্তরে লক্ষ্মণসেন পর্য্যায় স্থাপন করেন। ঐ সময় উৎসাহ-সুত আয়িতকে পিতৃপদে নির্দ্দেশ করিয়া চট্ট বহুরূপ প্রভৃতির সহিত তুল্য করিয়া দেন। অদ্যাপি আয়িত সমীকরণে পর্য্যায় চলিতেছে।

কন্যাগত কুলের ব্যবস্থা।

শ্রোত্রিয় গৃহেতে নিজকুলপরিণয়। কন্যাদিলে সেই গৃহে

শ্রোত্রিয়ান্ত হয়॥ জীবনে মরণে হয় কন্যাগত কুল। কন্যার অভাব হলে না থাকিবে কুল॥ কন্যাভাবে কুলীনের কি হবে অবস্থা। লক্ষ্মণ ভূপতি তার করিলা ব্যবস্থা॥ সপর্য্যায় কন্যা যদি করয়ে গ্রহণ। থাকিবেক কুল তার কে করে খণ্ডন॥ তদভাবে কুশ কন্যা করিবে গ্রহণ। অথবা ঘটক অগ্রে প্রতিজ্ঞা নিয়ম॥ রণ্ড দোষ খণ্ডনেতে এই সে ব্যবস্থা। নিশ্চিত কন্যায় থাকে কুলের অবস্থা॥ সর্ব্বকালে কন্যা হয় কুলের প্রকৃতি। প্রকৃষ্টরূপেতে হয় সেই সে প্রকৃতি॥ পিতার মরণে ধন পুত্রগণে পায়। কুলীন হইলে কুল দুহিতায় যায়॥ পুত্রগত দোষ হলে আক্ষেপ বলি তারে। কন্যাগত দোষ হলে কুল দলে মরে।

শ্লোক।

বাক্যারোপাৎ কুশত্যাগাৎ কন্যাদানাৎ প্রদানতঃ।
প্রতিজ্ঞা ঘটকাগ্রেচ পরিবর্ত্তশ্চতুর্বিধঃ॥

বর-গ্রহণ-ব্যবস্থা।

গহীত্বা স্বস্য পুত্রস্য বরাভিমতস্যচ। পৌত্রস্য ভ্রাতৃপুত্রস্য কুলকর্ত্তুর্ভবেৎকুলং॥ সপর্য্যায়ং সমাসাদ্য দানগ্রহণমুত্তমং। কন্যাভাবে কুশ ত্যাগঃ প্রতিজ্ঞা বা পরস্পরং॥

ভাষা।

মহারাজ লক্ষ্মণসেন পর্য্যায় এবং কন্যাগত কুলের সংস্থাপন করিয়া দেখিলেন যে তুল্য ব্যক্তির অভাব হইলে কুলীনদিগের কুলরক্ষার কোন উপায় নাই অতএব অনেক ভাবিয়া চিন্তিয়া

বরের প্রথা সৃজন করিলেন। অর্থাৎ কেহ সমান ব্যক্তির কন্যা স্বয়ং গ্রহণে অক্ষম হইলে পুত্র পৌত্র কিম্বা ভ্রাতুষ্পুত্রপৌত্রের-দ্বারা করিতে পারিবেন, তাহাতে পর্য্যায়ভঙ্গ অথবা কুলগত কোন দোষ হইবেক না। আরও নির্ণয় করিলেন যে অদত্তা কন্যা পিতৃপর্য্যায় ব্যক্তির কন্যা গ্রহণ-জন্য ভ্রাতা কিম্বা ভ্রাতুষ্পুত্রকে বর দিতে পারিবেন।

পঞ্চবিংশতি প্রকার কুলের সাধারণ দোষ।

কন্যাপুংসোরভাবশ্চ রণ্ডিকাগমন স্তথা। জীবিতে পিণ্ড দানঞ্চ স্বজনা ক্ষেপনেনচ॥ অত্রয়ত্তেভবেদ্দোষঃ কথিতঃ কুলপণ্ডিতৈঃ। অগ্নিদগ্ধা কৃতোদ্বাহে বলাৎকারেতথৈবচ॥ পুষ্টপুত্র ব্রহ্মহত্যা (ভ্রূণহত্যা) জম্মান্ধঃ কুষ্ঠরোগিণঃ। খঞ্জেনাপিকুলং তদ্বন্নীচোদ্বাহেন নান্দিকে॥ ত্যাজ্য পুত্র বিপর্য্যায়ৌ কুলজ্ঞদশসম্মতং। অন্য পূর্ব্বাবয়ঃ জেষ্ঠা মাতৃনাম্নী। সগোত্রজা। দুষ্টা কন্যাঙ্গহীনাচ কাণকুব্জাপিবাগ্‌জড়া। পঞ্চবিংশতি দোষাশ্চ নিশ্চিতাঃ কুলঘাতকাঃ॥

ভাষা।

(১)	কন্যাভাব	(১০)	জম্মান্ধ	(১৮)	বয়োজ্যেষ্ঠা
(২)	রণ্ডিকা	(১১)	কুষ্ঠরোগি	(১৯)	মাতৃনামা
(৩)	জীবৎ পিণ্ড	(১২)	খঞ্জ	(২০)	সগোত্র বিবাহ
(৪)	স্বজনা	(১৩)	নীচোদ্বাহ	(২১)	দুষ্টা
(৫)	আক্ষিপ্ত	(১৪)	নীচোদ্বাহের নান্দিমুখকর্ত্তা	(২২)	কন্যাঙ্গ হীন কন্যা বিবাহ
(৬)	অগ্নিদগ্ধা				
(৭)	বলাৎকার বিবাহ	(১৫)	পিতৃত্যক্ত পুত্র	(২৩)	কাণ
(৮)	পুষ্টপুত্র	(১৬)	বিপর্য্যয়	(২৪)	কুব্জা
(৯)	ব্রহ্মহত্যাকারি	(১৭)	অন্যপূর্ব্বা	(২৫)	বাক্যে জড়তা

কুলক্রিয়ার প্রণালী।

পাদপূজি কন্যা দান শাস্ত্রের লিখন। যে পাদ পূজনে কিছু শুনহ লক্ষণ॥ যার সঙ্গে পিতৃকুল তাহার সন্তান। সমপর্য্যা হলে পরে কুলের সন্মান॥ তদভাবে পিতামহ পথ দিয়ে চলে। অপেক্ষায় ন্যূন হলে স্বঘর সম্বলে॥ ঘর ছাড়ি যেই জন পর ঘরে যায়। কুলীনত্ব নষ্ট তার বংশজত্ব পায়॥ আর্ত্তি ক্ষেম্য দানাদানে নাহি কিছু দোষ। কেবল হইলে ক্ষেম্য না হয় সন্তোষ॥

আর্ত্তি ক্ষেম্য লভ্য ন্যূন সমান ইত্যাদি নির্ণয়।

আর্ত্তি	সমান	ক্ষেম্য	লভ্য	ন্যূন
পিতৃতুল্য	তুল্য	পুত্রের ন্যায়	যাহাকে জ্যেষ্ঠ ভ্রাতার পশ্চাৎ লাভ করা যায়	কিঞ্চিৎ কম

শ্লোক।

পিতৃস্থানংভবেদার্ত্তিঃ পুত্রস্থানঞ্চ ক্ষেম্যকং।
সমানংভ্রাতৃস্থানঞ্চ ত্রিবিধং কুললক্ষণং॥

ভাষা।

যে যাহার আর্ত্তি তার শিরোভূষা সেই। পুত্র পর্য্যাববস্থল ক্ষেম্য করি কই॥ ক্ষেম্য জনে আর্ত্তি ব্যক্তি শিরোভূষা হয়। আর্ত্তিপাদ ভূষাক্ষেম্য জানহ নিশ্চয়॥ অভ্যাবৃত্তি (১) হলে পরে সপর্য্যায় মানি। নচেৎ ভাঙ্গিবে পর্য্যা লক্ষ্মণের বাণী॥

১। আদান, প্রদান।

ঘটক লক্ষণ।

ধাবকোভাবকশ্চৈব যোজকশ্চাংশক স্তথা। দূষক. স্তাবকশ্চৈব ষড়েতে ঘটকাঃস্মৃতাঃ॥ কেন বিদন্তিপুরুষাঃ পুরুষানুপূর্ব্বা মুব্বীতলে কুলভৃতাং কুলবর্ত্তমানং॥ অত্যন্ত সূক্ষ্মমপি যে কুলতারতম্যং জানন্তি তেহি ঘটকা নতু যোজকাদ্যা।

অপরঞ্চ।

অংশংবংশং তথা দোষং যে জানন্তি মহাজনাঃ।
তয়েব ঘটকা জ্ঞেয়া ননামগ্রহণাৎ পরং।

অপরঞ্চ।

বংশাংশগুণদোষবিচারকর্ত্তা। ন্যূনাতিরিক্তপরিমাণযথার্থবক্তা॥ পর্য্যা-বিপর্য্যায়গণনঞ্চ করোতি যশ্চ। শশ্বন্নৃপেণগদিতো ঘটকঃ স এষঃ॥

ভাষা।

মহারাজলক্ষ্মণসেন কুলীনদিগের বংশাবলি কীর্ত্তন এবং দোষগুণ ন্যূনাতিরিক্ত সপর্য্যায় অথবা বিপর্য্যায় দানাদান স্থির করার জন্য ঘটক সৃজন করেন।

বংশজ নির্ণয়।

গণো কন্যা বশিষ্ঠেন চোঠেন শকুনি সতা। হাড়ো কন্যা দায়িকেন কুবেরো হাস্যজা পতিঃ॥ চক্রপাণি নাম্নি কন্যা গহীত্বাধনলোভত। বিঠসুতা পতির্ভূত্বা চট্টজঃ কুলভূষণঃ॥ প্রতিগ্রাহিসুতোদ্বাহাৎ ষড়েতে বংশজাঃ স্মৃতাঃ॥

ভাষা।

মহারাজ লক্ষ্মণসেনের পুত্র মাধবসেনের সময়ে, প্রতিগ্রাহী দলের কন্যা কুলীনসম্প্রদায়ের ছয় ব্যক্তি গ্রহণ করেন মহারাজ মাধবসেন কুলের শাসন জন্য তাঁহাদের ছয় জনকে বংশজ সংজ্ঞায় পরিগণিত করেন।

ঘটকের কর্ত্তব্য কার্য্য।

বল্লালিবিষয়ে ন্যূন কুলীন দেবতা স্বয়ং। সুমেরু শ্রোত্রিয় জ্ঞেয়া ঘটকা স্তুতি পাঠকা। যথা ;—অংশং বংশং ইত্যাদি।

ভাষা।

অংশ বা কাহারে বলে কারে বলে বংশ। ইহাই জানিলে হয় ঘটক প্রশংস॥ মাতৃপক্ষে হয় অংশ প্রকৃতি কারণ। পিতৃপক্ষ হয় বংশ শাস্ত্রের লিখন॥ কুলশাস্ত্র মধ্যে অংশ পঞ্চদশ কই। আর্ত্তি, ক্ষেম্য, লভ্য, ন্যূন, মধ্যাংশেরে লই॥ কুল-পরিচয়ে তাহা আছয়ে বিচার। বিবাহসম্বন্ধে আর শুন ব্যবহার॥ দুপক্ষ হইলে শুদ্ধ শুদ্ধ বংশ কয়। সুমেরু পর্ব্বতে যথা দেবের আশ্রয়॥ কুলীনের দেখা চাহি পরাবৃত্তি ঘর। অংশ বংশ দোষ তার করিয়ে বিচার॥ মাতৃ পিতৃ দুই বংশ দোষের সন্ধানে। যেই জন জানে তারে ঘটক বাখানে॥ অগ্রেতে দ্বিজত্ব চাহি পরেতে কুলত্ব। কুলত্বে গৌরব বড় দ্বিজত্বে পঞ্চত্ব॥ এতাদৃশ কুলীনের কুল নাহি গায়। সেই কুল গাই যাদের

দ্বিজম্বেতে পাই॥ ক্ষুদ্রাংশ দৌহিত্রহলে নীচগামী হয়। যেমন নীচের গতি নীচ ভিন্ন নয়॥ বেদশাস্ত্রে তারা নাহি কভু করে রুচি। শুচ্য শুচি বোধ নাহি সর্ব্বদা অশুচি॥ নীচাংশ দৌহিত্র হলে নীচেতে সন্তোষ। যথা মাতামহ দোষে রাবণ রাক্ষস॥

বিবাহের নিয়ম।

বৈবাহিক সংস্কারে, পুত্রার্থক ভার্য্যা করে, তারে বলি শুদ্ধ-সত্ব বিয়া। তার পর স্বীয় ঘরে, কুলার্থ বিবাহ করে, সপর্য্যায় মিলন করিয়া॥ ইহা ভিন্ন করে বিয়া, কড়ি লোভে মরে গিয়া, অনির্দ্দিষ্ট অপকৃষ্ট ঘরে। দ্বিজ রমানাথ কয়, ছিন্ন বিয়া সুনিশ্চয়, কুলীনের মজিবার তরে॥ চুরি দারিতারা, শব্দ একধারা, দার-বৃত্তি বলি দারি। সম্ভোগের তরে, অপকৃষ্ট ঘরে, ভোগহেতু করে নারী॥ কুলে মতি যার, কুলে করে দার, দোষ কিছু নাহি তাতে। কুলেরি শাসন, পর্য্যাটি গণন, নিষ্ঠা বৃত্তি আছে যাতে॥ কুলে একাবৃত্তি, হইলে প্রবৃত্তি, দানাদানে সেটা ঘটে। বিনা কুল কাজ, সমাজেতে, লাজ বটে কি বল না বটে॥ দানাদান ঘরে, সবে নিন্দা করে, কিরূপে মানেরে রাখি। মাথা হেঁট করি, নাহি খায় বারি, কভু না চাতক পাখী॥ সপর্য্যায় স্বাধিকার, ব্যত্যয় নাহিক যার, নিজে দোষ টানি আনে তায়। নির্ম্মল কুলেতে, অবংশ হইতে, নিন্দা ভোজি বাপ মায়॥

সপ্তশতী ব্রাহ্মণের সপ্তবিংশতি ঘরের গোত্র এবং গাঁই নির্ণয়।

শনকঃ শুনকঃ কাশ্যো গৌতমশ্চ পরাশরঃ।
বশিষ্ঠো হারিষ ঋষ্য শ্চাষ্টৌ গোত্রাঃ প্রকীর্ত্তিতা ॥

উক্ত আট গোত্রসম্ভূত ব্রাহ্মণগণ বঙ্গদেশের আদিম নিবাসী। ভট্টনারায়ণাদি পঞ্চব্রাহ্মণের বঙ্গদেশে আগমনের অব্যবহিত পূর্ব্বে মহারাজা আদিশূর বঙ্গদেশে গণনায় সাতশত ঘর ব্রাহ্মণ পাইয়াছিলেন; এ জন্য সপ্তশতী আখ্যা প্রদান করেন—এবং তাহাদের গাঁই নির্ণয় করণান্তর চিহ্নিত করিয়া দেন।

যথা গাঁই।

(১) সাগাঁই।	(২) সুরাই।	(৩) লানসি।
(৪) যবাই।	(৫) হাঁসাই।	(৬) কালাই।
(৭) ধাঁই।	(৮) বানসি।	(৯) বাণ্টুরি।
(১০) ধানসি	(১১) কাটানি।	(১২) কুশল।
(১৩) উজ্জল।	(১৪) কাশ্যপ কাঞ্জরী।	(১৫) বাতারি।
(১৬) পীতারি।	(১) নাতারি	(১৮) আরবেরু।
(১৯) উল্লুক	(২০) মুল্লুক।	(২১) ঝর্ঝর।
(২২) ফর্দর।	(২৩) বাগরাই।	(২৪) কন্দ্রুক
(২৫) কেরল।	(২৬) চেচেঁরি।	(২৭) ব্যালথুপি।

উক্ত সপ্তবিংশতী গাঁই ও আট গোত্র ব্যতীত নগরি দহরি হাগু ইত্যাদি গাঁই এবং কৌণ্ডিল্য, আলম্যান, সৌপায়নাদি গোত্রে অনেক শপ্তশতীর ব্রাহ্মণ আছে। কুলীন সম্প্রদায়ের নিকট ঐ সপ্তবিংশতি গাঁই-সম্ভূত ব্রাহ্মণদের কন্যাদান করার নিয়ম আছে।

নবগ্রহ শ্রোত্রিয় নির্ণয়।

(১) চাচকুণ্ড (২) পঞ্চসার (৩) উলান (৪) বাজপুর (৫) শোলনগর (৬) চুঁচুড়া (৭) চাণক (৮) বালী (৯) ব্যগন্ধাপা।

উক্ত নবগ্রাম-নিবাসী শ্রোত্রিয় সপ্তশতী-সম্প্রদায়ের ন্যায় নবগ্রহ নামে চিহ্নিত।

পঞ্চানর্থী শ্রোত্রিয় নির্ণয়।

রজনীচ তথা বিষ্ণুঃ কাশ্যপোবঙ্ককঃসনা।
আচার্য্যশেখরশ্চৈব পঞ্চানর্থ কুলান্তকা॥

ভাষা।

(১) রজনীকর (২) বিষ্ণু (৩) কাশ্যপ (৪) বঙ্ককসনা (৫) আচার্য্য শেখর।

উক্ত পাঁচ প্রকার শ্রোত্রিয় কুলের অন্তক-স্বরূপ বিস্তারিত মেলবন্ধে লিখা যাইবে।

সগোত্র এবং সমান প্রবরে বিবাহ নিষেধ।

সমানগোত্রেপ্রবরাং সমুদ্বাহ্যোপগম্যচ।
তস্যামুৎপাদ্য চাণ্ডালং ব্রাহ্মণ্যো দেবহীয়তে॥

অপরঞ্চ।

সমানপ্রবরাবাপি শিষ্যসন্ততিরেবচ।
ব্রহ্মদাতু গুরোশ্চৈব সন্ততিঃ প্রতিষিধ্যতে॥

ভিন্ন গোত্রেপি সমান প্রবরত্বং যথা বাৎস্য সাবর্ণি গোত্রয়ো রৌর্বচ্যবন ভার্গব জামদগ্ন্যাপ্লুবৎ প্রবরাঃ এক গোত্রেপি প্রবরান্যত্বং যথা ঘৃতকৌশিকগোত্রস্য কুশিক কৌশিক ঘৃতকৌশিকাঃ প্রবরাঃ কৌশিককুশিক বন্ধুলাশ্চেতি প্রবরাঃ।

সন্দান প্রবরের কারিকা।

পুংসিক নন্দিক বালি আর ষাঁট ঘণ্টা। বাপুলীক নায়ী দায়ী পারিতু মহিন্তা॥ সিয়ারি সিদ্ধল কাঞ্জারীক শিম্বলাল। পিপ্‌পলীক কাঞ্জিবিল্লী গাঙ্গুলি ঘোষাল॥ পূতিতুণ্ড কুন্দ আর পূর্ব্বগ্রামী পাই। দীঘাড়িক চোটখণ্ডী সগোত্রেতে গাই॥ দুই মুনিবর বংশ সগোত্রেতে হয়। প্রবর সহিত এতে হয় সমন্বয়॥

বাৎস্য ও সাবর্ণ এই দুই গোত্রের এক প্রবর, উভয় গোত্রই ভৃগুবংশসম্ভূত। এক প্রবর অথবা এক গোত্রে বিবাহ করা শাস্ত্রবিরুদ্ধ। যদি দৈবাৎ হয় তবে সেই স্ত্রী পরিত্যাগ করণানন্তর প্রায়শ্চিত্ত করিবে।

কুলীনদিগের নিয়ম সংস্থাপন।

মহারাজ লক্ষ্মণসেন বল্লাল-প্রতিষ্ঠিত কুলীন, শ্রোত্রিয়, এবং গৌণকুলদিগের নিয়ম সংস্থাপন করণানন্তর, এই বিধি করিলেন যে, কুলীনগণ শ্রোত্রিয় এবং গৌণকুলসম্ভূতদিগের কন্যা পর্য্যায় অনুসারে গ্রহণ করিতে পারিবেন, কিন্তু তাহাদিগকে কন্যা প্রদান করিতে পারিবেন না। যদি কোন কুলীন প্রদান করেন, তবে তাহার কুল থাকিবে না(১)। তিনি বংশজ(২) সংজ্ঞায়

---

(১) শ্রোত্রিয়ায় সুতাং দত্বা কুলীনো বংশজো ভবেৎ।

(২) গণোকন্যা বশিষ্ঠেন চোটেন শকুনি সুতা। হাড়ো কন্যা দায়িকেন কুবেরো হাস্যজাপতি॥ চক্রপাণিনায়িকন্যা গৃহীত্বা ধনলোভতঃ। বিঠসুতাপতিভূত্বা চট্টজঃ কুলভূষনঃ। প্রতিগ্রাহীসুতোদ্বাহাৎ ষড়েতে বংশজাঃ স্মৃতাঃ॥

পরিগণিত হইবেন। এবং কুলীনদিগের দোষগুণ কর্ত্তব্যা-কর্ত্তব্য কার্য্য নিরূপন করিবার জন্য ঘটক নিরূপিত করেন। উক্ত লক্ষ্মণসেনের পুত্র মাধবসেনের রাজত্ব-সময়ে কুলীন সম্প্রদায়ের ছয় ব্যক্তি অর্থের লোভে প্রতিগ্রাহীদলের কন্যা গ্রহণ করেন। মহারাজ মাধব কুলের শাসন জন্য প্রতিগ্রাহিদের কন্যাপরিণেতা ছয় জন কুলীনকে বংশজসংজ্ঞায় পরিগণিত করেন। মাধব সেনের পৌত্র সুষেণ,—ইনি হিন্দুসম্প্রদায়ের শেষ রাজা,—ইঁহারি নাম দ্বিতীয় লক্ষ্মণসেন অথবা লাক্ষ্মণ্যসেন। মহারাজ সুষেণ কুলীনসন্তানগণের নানাপ্রকার গৌরব করিয়াছেন। প্রবাদ আছে ধনঞ্জয় চট্টোপাধ্যায়ের পুত্র হলায়ুধের (১) উপর রাজ-কার্য্যের ভার অর্পিত ছিল।

হলায়ুধ নানা প্রকার গুণে গুণী ছিলেন। মহারাজ সুষেণ অশীতি বর্ষ রাজত্ব করেন। প্রাচীনাবস্থায় তিনি যবনকর্ত্তৃক আক্রান্ত হইয়া বিনা যুদ্ধে যবন-হস্তে রাজ্য সমর্পণ করণান্তর সপরিবারে নীলাচল-পর্ব্বতাভিমুখে গমন করেন। মহারাজ সুষেণের পর হইতে ব্রাহ্মণদিগের ব্রাহ্মণত্ব এবং কুলীনত্বের এক প্রকার শেষ বলিতে হইবেক। মধ্যস্থলে বন্দ্যসঙ্কেতবংশোদ্ভব দেবীবর ঘটক মেলবন্ধ করণান্তর কতক পরিমাণে কুলরক্ষা করিয়াছিলেন। বর্ত্তমান সময়ের অনেক মহাত্মা দেবীবর ঘটকের নিন্দা করেন,—তিনি মেলবন্ধ করিয়া অন্যায় কার্য্য করিয়াছেন। কালের

---

(১) ইহার অন্য নাম বঙ্গভঙ্গক।

গতি অনুধাবন করা দুঃসাধ্য! যে দেবীবর ঘটক সম্মান রক্ষা করিয়া গিয়াছেন, পরিণামে তিনিই নিন্দার ভাজন হইলেন!

হলায়ুধচট্টোপাধ্যায়ের উপাখ্যান।

তস্যাং বভুব প্রকৃতের্ম্ম হ'নিব শ্রেয়ো নিবাসায় তনং হলায়ুধঃ। যৎ-কীর্ত্তিরম্ভোনিধিবীচিদণ্ডদোলাধিরোহব্যসনং বিভর্ত্তি॥ লব্ধংজন্মধনঞ্জয়াদ্ গুণবতঃ শ্রীলক্ষ্মণ ক্ষ্মাপতে রারত্যা লঘুতা নিজস্য বয়সঃ প্রাপ্তা মহা-পাত্রতা। শব্দব্রহ্মকরোদরা মলকবদ্ভোগোত্তরা সংক্রিয়েত্যস্তি প্রার্থয়িতব্য মস. কৃতিনঃ কিঞ্চিন্নসাংসারিকম্॥ যেনাসীদজিতং নসিন্ধুলহরী ধৌতাঞ্জ-লায়াং ক্ষিতৌ, যস্যা জ্ঞাতমভূন্ন সপ্তভুবনে নানাবিধং বাঙ্ময়ম্। দেব স ত্রিজগন্ময় ধমহিমা শ্রীলক্ষ্মণঃ ক্ষ্মাপতি, েতা যস্য মনীষিতাধিক পুর-স্কারোত্তরাঃ সম্পদঃ॥ বাল্যেখ্যাপিত রাজপণ্ডিতপদঃশ্বেতাংশু বিম্বো জ্জল, চ্ছত্রোৎসিক্ত মহামহস্তত্ৎপদং দত্তা নবে যৌবনে। যস্মৈ যৌবনশেষ যোগ্যমখিলং ক্ষ্মাপালনারায়ণঃ, শ্রীমান্ লক্ষ্মণসেন দেব নৃপতি ধর্ম্মাধি কারং দদৌ॥ গুরোর্ব্বচঃ সত্যমসত্য মস্যৎ গঙ্গোদকংপেয় মপেয়মন্যং শম্ভোঃ পদং সেব্যমসেব্য মন্য, হলায়ুধঃ পাত্র মপাত্রমন্যৎ॥

ভাষা।

যেমত প্রকৃতি হতে, মহতত্ত্ব জগতেতে, পঞ্চতত্ত্ব করিল প্রকাশ। সেই মত হলায়ুধ, ধনঞ্জয় চট্টসুত, পঞ্চগোত্রে হইল বিকাশ॥ কি কব যাহার কীর্ত্তি, তৃপ্তিভূতা করি পৃথ্বী, সমুদ্রের পারেতে চলিল। আরোহণ করি দোলা, দণ্ডযুতবীচিমালা, ঐ দেখ ভাবিতে লাগিল॥ না হয় বাসনা আর, সংসারসাগরপার, ফলভোগ সময় যাহার। তেমতি ধনোর সুতে, বিনা প্রার্থয়িতমতে,

মহা-পাত্র করিল বিচার॥ লক্ষ্মণ রাজারগুণ, কি আর কহিব শুন, নারায়ণে রূপক উপমা। বঙ্গদেশ অধিকারি, স্বেচ্ছামতে যত্ন করি, হলায়ুধে হইলা অসীমা॥ যথা আমলকী ফল, করে করে ঢল ঢল, শব্দব্রহ্ম হৃদয়ে যাহার। আরতি করিয়া তারে, লয় রাজদরবারে, দেখ পরে কি করে আবার॥ বাল্যেতে পণ্ডিত পদ, যৌবনে দেখহ ছেদ, তনুপদ করিল অর্পণ। চন্দ্র বিয়োজ্জল ছাতা, হলেতে হইল দাতা, পুনরপি কি করে এখন॥ যৌবনের শেষভাগে, ধর্ম্মবৃদ্ধি অনুরাগে, মনূপম বিচার করিয়া। সমস্ত ধর্ম্মের ভার, যত তার অধিকার, হলায়ুধে দিলা সমর্পিয়া॥ দ্বিজ রমানাথে বলে, দৈববলে কি না ফলে, হলায়ুধ অঙ্গ লুকাইল। কুলশাস্ত্রে দেখবঙ্গ(১), কার্য্যে দেখি হল অঙ্গ, কীর্ত্তি-বলে নামটি রহিল॥

কুলীনের বংশ এবং পর্য্যায় জানা আবশ্যক।

যে হেতু অজ্ঞাত কুল স্মৃতির আচার। চালাতে না পারে বংশে দেখি পূর্ব্বাপর॥ স্মৃতি শাস্ত্র মতে শুদ্ধ মুনিগণে কয়। সপ্তমি(২) পঞ্চমি(৩) বর্জ্য বিবাহ নিশ্চয়॥ তারে না মানিলে

---

(১) বঙ্গ, হলায়ুধের নাম, কুলশাস্ত্রে বঙ্গভঙ্গক লিখিত আছে। পদের মিলন জন্য এ স্থলে বঙ্গ লেখা আছে।

(২) সাতপুরুষ।

(৩) পাঁচ পুরুষ। পিতৃ বংশে সপ্তমপুরুশের বন্ধুবান্ধবের কন্যা ও মাতামহবংশে পঞ্চমপুরুষের মধ্যে বন্ধুবান্ধবের কন্যা স্মৃতিশাস্ত্রমতে বিবাহ করা নিষিদ্ধ। এই বিবাহের নাম স্বজনা অর্থাৎ আপনার বন্ধুবান্ধবের কন্যা বিবাহ।

বংশে স্বজনা ঘটিবে। লঙ্ঘিয়া স্মৃতির মত নরকে ডুবিবে॥ একারণ জানা চাহি বংশের সন্ধান। কার সঙ্গে কত সঙ্খ্যা হয় ব্যবধান॥ কার কার বংশ সঙ্গে এক গোত্র হয়। কার কন্যা কার পুত্রে পর্য্যাসমন্বয়॥ পায়ে ধরি কন্যা দান স্মৃতির লিখন। এই হেতু জানা চাহি কুলের লক্ষণ॥ মহারাজ আদিশূর করিয়া যতন। পঞ্চশাখি বঙ্গ দেশে করিলা স্থাপন॥ পঞ্চ জনের উনষাটি হইল নন্দন। গাই আখ্যা দিয়া নৃপ লোকান্তর হন॥ শাখায়২ তার বেড়ে গেল ডাল। অনবস্থা দেখি তার বল্লাল ভুপাল॥ তিন অংশে সবাকারে বিভাগ করিয়া। অর্পিলা মর্য্যাদা রাজা গুণ বিচারিয়া॥ বান্ধিল ভুপাল কুল ত্রয়োবিংশ দিয়া। আট গাঁই মুখ্য গৌণ পঞ্চ দশ নিয়া। গৌণ সহ মুখ্য কুলে করিয়া মিলন। ত্রয়োবিংশ রাখিল নাম বিশ্বক নন্দন॥ আর এক ষটত্রিংশৎ স্বতন্ত্র রাখিয়া। আখ্যা দিলা শ্রোত্রিয়ের গুণ পরীক্ষিয়া॥ লক্ষ্মণ রাজন তার লক্ষণ দেখিল। উৎসাহে উৎসাহ-সুতে পর্য্যা সাজাইল॥ উনবিংশ অবতংশ হইল তখন। শাখায় শাখায় তার পর্য্যায় মিলন॥ পিতৃপদে কন্যা রাখি পর্য্যায় সাজায়। ব্যত্যয় হইলে পরে বিপর্য্যয় হয়॥ এই স্থানে দেখ তবে কুলের নিয়ম। যদি কার বংশে হয় অনেক নন্দন॥ যোগ ভিন্ন কুল কিছু না হয় সমান। সমান পর্য্যায় যার সেই সমমান॥ পুনরপি সেই বংশে সেই অবতংশ। যথা গোপী গৌরী

যোগে রামাচার্য্য বংশ॥ তার ভ্রাতৃগণ যবে দিবে পরিচয়। লইবে পিতার নাম কুলেতে নিশ্চয়॥

কুলেতে পরিল ঘাটি কুলীনের ছেলে। তার ঐ কৃতি(১) ভ্রাতা কুলাংশ পাইলে॥ পরস্পর এই রূপে অবতংশ নামে। ফুলিয়া প্রকৃতিসম সাগরসঙ্গমে। নামিয়াছে বহু অংশ প্রশংসা হইয়া। উৎসাহের বংশে অংশ অনুবৃত্তি লইয়া॥ অংশমত বংশ চলে সেই সে কুলীন। জানিলে দোষের সহ ঘটক প্রবীণ॥ যদি কেহ কুল বৃত্তি আপনি না জানে। তাহাকে প্রবৃত্তি দেওয়া অতি সে কঠিনে॥ মানবস্তু য়ার আছে সেই বোঝে মান। তাহাতে বঞ্চিত হলে অন্ধেরি সমান॥ নয়নবিহীন যেই তাঁহাকে দর্পণ। দর্শনের তরে করা বৃথা সমর্পণ॥ কুল কি পদার্থ হয় কিরূপে বুঝিবে। পর্য্যাবৃত্তি লাভ ভাব কি রূপে জানিবে॥ বিপর্যয়ে কুল করে নিষ্ঠা বৃত্তি নয়॥ অংশ বংশ বুঝিলে সে কুল নাহি কয়॥

দেবীবর ঘটক-বিশারদের উপাখ্যান।

সত্য ত্রেতা দ্বাপর কলি চারি যুগ হয়। যুগে যুগে সৃষ্ট বস্তু হইতেছে লয়। কোথা থাকে বংশ অংশ কোথা থাকে নাম। স্বভাবেতে হয় রয় পায় পরিণাম॥ যে হতে বঙ্গেতে রাজা আনিল ব্রাহ্মণ। ছিলনাকো পূর্ব্বে কিছু বংশের লিখন॥ পুত্রই বংশ সে যবে পশ্চিমেতে রয়। গোত্রের নামেতে বংশ

(১) যাহার কুল হইয়াছে তাঁহাকে কৃতিবলা যায়।

দিতো পরিচয়॥ মরিচ্যাদি ঋষি হতে চলিতেছে বংশ। কশ্যপাদি তার পুত্র হয় অবতংশ॥ ঋষিরা করেন গোত্র(১) যজ্ঞের কারণ। গোরক্ষা স্থানের নাম গোত্র নিরূপণ॥ তিন চারি পাঁচ মুনি একত্র হইয়া। গোত্রকার হন তাঁরা যজ্ঞের লাগিয়া॥ গোত্র মধ্যে ঋষিদের ছিল নিকেতন। গাং রক্ষয়তি ইতি শব্দটি সাধন॥ গোপালন করি দুগ্ধে আজ্য নির্ম্মাইয়া। হব্য কব্য করিতেন মকরন্দ দিয়া॥ গোত্র নামে নিজ নিজ বংশ পরিচয়। সেকালে আছিল মাত্র গোত্র সমন্বয়॥ তার পর বঙ্গদেশে রাজা দিল গ্রাম। গোত্রেতে মিশ্রিত হল গ্রামেরি নাম॥ সেই নামে পরিচয় দিলে চেনা যায়। কারণ যে সগোত্রেতে বহু গাঁই হয়॥ গোত্র যদি এক হয় গাঁই হবে ভিন্ন। গাঁই বিনা চেনার পথ নাহি কিছু অন্য॥ তার পর বংশে বংশে হয় পরিচয়। কুলে কুলে কুলজ্ঞেতে কুল সমন্বয়॥ বল্লাল হইতে রাজ্য-সুষেণেতে যায়। মানের সহিত কাল কুলীনে কাটায়॥ সুষেণের রাজ্য যবে যবনে লইল। কুলীন সম্প্রদায় মধ্যে উৎপাৎ ঘটিল॥ হিন্দুরাজ্য শেষ হল যবনের বলে। স্বপরিবারেতে রাজা গেলা নীলাচলে॥ সেকালে দেশেতে বড় হল অত্যাচার। কুলেরে রাখিবে কিসে জাতি হাহাকার॥

জাতি গত ধর্ম্মগত কুলগত বাদ। স্বজাতি শাসন ভিন্ন সব অবসাদ॥ ধর্ম্মেতে তাচ্ছল্য হলে কিছু নাহি

(১) গাংরক্ষয়তি ইতি গোত্র।

রয়। অন্যপূর্ব্বা করে বিয়া আর বিপর্য্যয়॥ পর্য্যার সম্বন্ধ প্রায় কুলে ছাড়ি দিল। নানাবিধ অসৎ-কার্য্য করিতে লাগিল॥ ব্রাহ্মণ অধম যেই তাঁহারে স্বীকারে। বিবাহ করিতে যায় ধনবানের ঘরে॥ এই রূপে তিনশত বৎসর গত হয়। বন্দ্য বংশে সর্ব্বানন্দ ঘটক উদয়॥ দেবীবর নামে তার হইল তনয়। সর্ব্বগুণে বিভূষিত বাকসিদ্ধ হয়॥ কুলীনের কুলশাস্ত্রে করে দৃষ্টিপাত। গুণসমুহেতে দেখে ভূত সন্নিপাত॥ কুল এক পদার্থ হয় গুণের গৌরব। পঞ্চকৃতভূত মত বেড়ে যায় সব॥ ইহা বলি দেবীবর মেলবন্ধ করে। সর্ব্ব-দ্বারি ঘুচাইল বলি শুন পরে॥ মেল কি পদার্থ হয় দোষ যদি পড়ি। সমুদ্র মন্থনে যথা বাসুকির দড়ি॥ পূর্ব্বকৃত দোষ সব করে এক ঠাঁই। রসে রস(১) গুণ করে তার গুণ গাই॥ মেল কি পদার্থ হয় করহ শ্রবণ। মহা ভয়ানক যার রস আস্বাদন॥ শ্রীনাথ দেবীর জন্ম আশয়ে বুঝিয়ে। পৃথ্বি তনয়ের(২) কাছে লুকাইল ভয়ে॥ পরমানন্দেতে লয় কংশারি স্মরণ(৩)। নানগুণে যদি হয় কালীয় দমন॥ দৃষ্টিপাত করে সেই ধন্ধ হয়ে চলে। গঙ্গা-নন্দ হয় ধন্ধ নীলকণ্ঠ চলে॥ কুলরূপ পায়োনিধি মথে দেবীবর। পঞ্চদশ গৌণ কুলে রাখি স্বতন্তর॥

---

(১) রস শব্দের অর্থ ৬। (২) সাগরদিয়ার গঙ্গাধর বন্দ্য।
(৩) কংশারি পুতিতুণ্ডের সহিত কুল করেন।

মেল নির্ণয়।

(১) ফুলিয়া	(২) খড়দহ	(৩) বল্লভী
(৪) সর্ব্বানন্দী	(৫) পণ্ডিতরত্নি	(৬) গোপালঘটকী
(৭) প্রমোদিনী	(৮) চন্দ্রপতি	(৯) সতানন্দ খাঁনী
(১০) আচস্বিতা	(১১) দশরথঘটকী	(১২) মালাধর খাঁনী
(১৩) শ্রীবর্দ্ধনী	(১৪) সুঙ্গেসর্ব্বানন্দী	(১৫) শুভরাজ খানী
(১৬) বাঙ্গাল	(১৭) আচার্য্যশেখরী	(১৮) বিজয়পণ্ডিতী
(১৯) চাঁদাই	(২০) মাধাই	(২১) ছায়া নরেন্দ্রী
(২২) ভৈরবঘটকী	(২৩) সুরাই	(২৪) শ্রীরঙ্গভট্টী
(২৫) চট্টরাঘবী	(২৬) হরিমজুমদারী	(২৭) বিদ্যাধরী
(২৮) পারিয়াল	(২৯) বালি	(৩০) দেহাটা
(৩১) ছৈ	(৩২) কাকুস্থি	(৩৩) নড়িয়া
(৩৪) রাই	(৩৫) রাঘবঘোষালী	(৩৬) ধরাধরী

দেবীবর ঘটকবিশারদ দোষের মিলন করিয়া কুলীন সন্তানগণকে উক্ত ছত্রিশ শাখায় বিভাগ করেন। ইহার এক এক ভাগের নাম মেল। কি দোষ অবলম্বন করিয়া কোন্ মেলের নির্দ্দেশ করেন, মেলবন্ধন নামক গ্রন্থে তাহা বিশেষরূপে লেখা যাইবে। এখন কেবল ফুলিয়া মেলের বিবরণ লিপিবদ্ধ করা যাইতেছে। কৌলীন্য-মর্য্যাদায় ফুলিয়া এবং খড়দহ মেল সর্ব্বাগ্রগণ্য ও সমধিক মাননীয়॥

ফুলিয়া মেল উৎপত্তি কথন।

ধন্ধঘাটগতা কন্যা শ্রীনাথচট্টজাত্মজা।
যবনেন তু সংস্পৃষ্টা সোঢ়া কংশসুতেনবৈ॥

কুলজ্ঞ কুলীন শুন করি নিবেদন। কিরূপেতে ফুলিয়া মেল হইল সৃজন॥ পঞ্চগুণ সিন্ধু পুনঃ ইন্দু তাহে ধরি। ক্ষীরোদেতে শায়ী বিষ্ণু বটপত্রোপরি॥ যার স্থিতি তার দোষ ব্যাখ্যা করি পাছে। ফুলে মেল তাহে শেল ধন্ধ বলি আছে॥ হেতু তার শুন সার ধনোর সন্ততি। ব্যাসবংশ গরিষ্ঠাংশ শ্রীনাথ চাটুতি॥ তার সুতা রূপযুতা উর্ব্বশীর প্রায়। যত সখী সবে ডাকি স্নান হেতু যায়॥ ভৃগুবার তাহে আর দশ দণ্ড কালে। সখী সঙ্গে নানা রঙ্গে যায় ধাঁদা খালে॥ ধাঁদা স্থান পেয়ে স্নান করে সখীগণে। হেন কালে ঘোর ঘন উদয় গগনে॥ বিন্দুপাত তার সাত চঞ্চলা সঞ্চারি। কাদম্বিনী করে ধ্বনি শুনি চমকারি॥ বৈশাখেতে পশ্চিমেতে ঝড়ের আলয়। ঝড় জোর হ'ল ঘোর হইল প্রলয়॥ উড়ি পাংশু সহস্রাংশু ঢাকিল সত্বরে। ঘোরদায় আঁখি তায় প্রকাশিতে নারে॥ অন্ধকার হল সার সকল ভুবন। শিলাপাত বজ্রাঘাত মরে কত জন॥ কত কত শত শত ভাঙ্গিল ভূধর। লক্ষ২ শতকক্ষ ভাঙ্গে কত ঘর॥ ছড়২ ড়ুড়২ ঘোর শব্দ তায়। তাহে কত গর্ভপাত শিশু মূর্চ্ছা যায়॥ ত্বরা করি যত নারী যায় নিজালয়। এই ক্রমে পথভ্রমে চট্টসুতা রয়॥ তথা বাসা করিয়াছে হাঁসা থানাদার। ঘাটের নাবিক সেই করে পারাপার॥ হাঁসা নাবিকের ধাম সমীপে পাইয়া। তথা গিয়া প্রাণ রক্ষে শ্রীনাথ-তনয়া॥ বসি পরি বাতা ধরি ছিল ক্ষণ কাল। সেই হতে চট্টসুতায় ঘটিল জঞ্জাল॥ ঝড় অন্তে চট্টসুতা গৃহে

চলি যায়। ব্যাজ দেখি যত সখী করে বাক্যব্যয়॥ এস এস এস সখী বুঝিলাম অই। ছল করি থানাদারি ভেটে এলে সই॥ তাহা শুনি কানাকানি বিপক্ষেতে করে। এ দেশ ও দেশ অন্য দেশেতে সঞ্চরে॥ সেই হতে বিপক্ষেতে ধঁাদা২ কয়। কিন্তু জানি মিশ্রনানি পরামর্শ নয়॥ মিথ্যা বলি যদি গালি মহতের হয়। মহিমার হানি তার জানিহ নিশ্চয়॥ সেই হেতু চট্টনাথু দোষী ধন্ধদোষে। বসি ভাবে কিবা হবে কেহ না জিজ্ঞাসে॥ তবে ধীর করি স্থির করিয়া সন্ধান। কংশারিকে কন্যা দিয়ে রাখিলেন মান॥ নিজপুত্রবর তায় দিলা পূতিরাজ। চট্ট গিয়া কন্যাদিয়ে করে রাজকায॥ রণ্ড পায় নাথাই চট্ট গোপীবন্দ্য হেতু। বড় রঙ্গ ধন্ধ সঙ্গ পাইলা চট্টনাথু॥

